

B.A. 3rd Semester (Honours) Examination, 2023 (CBCS)

বিষয় : বাংলা

Course : SEC-1

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৪০

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক।
পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

১. যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর পূর্ণবাক্যে দাও:

২×৫=১০

(ক) সন্ধি বিচ্ছেদ করো :

দুরবস্থা, প্রাগাধুনিক

(খ) ব্যাসবাক্য বিশ্লেষণ করে সমাস নির্ণয় করো :

গুপ্তচর, ত্রিভুবন

(গ) নিম্নরেখ শব্দটির কারক ও বিভক্তি নির্ণয় করো :

মা শিশুকে চাঁদ দেখাচ্ছেন।

(ঘ) সন্ধি করো :

সৎ + ইচ্ছা, রাজা + ঋষি

(ঙ) করণ কারক কাকে বলে? একটি উদাহরণ দাও।

(চ) সমষ্টিবাচক বিশেষ্য কাকে বলে? একটি উদাহরণ দিয়ে বোঝাও।

(ছ) উদাহরণ সহযোগে বিসর্গ সন্ধি কাকে বলে বুঝিয়ে দাও।

(জ) প্রশ্নবোধক বাক্য কাকে বলে? একটি উদাহরণ দাও।

২। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও:

৫×২=১০

(ক) নিম্নরেখ পদগুলির কারক-বিভক্তি নির্ণয় করো (যে কোনো পাঁচটি) :

১×৫=৫

(অ) “আজি ঝরঝর মুখর বাদর দিনে।”

(আ) “বিরত সতত পাপে দেবকুল।”

(ই) “হবুচন্দ্র যুদ্ধে চললেন।”

(ঈ) “যে বাঁধনে মোরে বাঁধিছে।”

(উ) “তিনটে শালিক ঝগড়া করে রান্নাঘরের চালে।”

(ঊ) “আমায় প্রশ্ন করে নীল ধুবতারা।”

(খ) নির্দেশ অনুযায়ী বাক্য পরিবর্তন করো (যে কোনো পাঁচটি) :

১×৫=৫

(অ) ধনের ধর্মই অসাম্য। (নঞর্থক বাক্যে)

(আ) আমি তাকে বিশ্বাস করি না। (অস্ত্যর্থক বাক্যে)

(ই) কী অপূর্ব দৃশ্য! (নির্দেশক বাক্যে)

- (ঈ) দরিদ্র হলেও লোকটি সৎ। (যৌগিক বাক্য)
(উ) তিনি ধনী ছিলেন, কিন্তু সুখী ছিলেন না। (সরল বাক্য)
(ঊ) এ তো শুধু খেলা নয়। (প্রশ্নবোধক বাক্য)

(গ) বাচ্য কাকে বলে? বাচ্য কয়প্রকার ও কী কী? যে কোনো দুই প্রকার বাচ্য উদাহরণ সহযোগে বিশ্লেষণ করো।

৫

(ঘ) ব্যাসবাক্য বিশ্লেষণ করে সমাস নির্ণয় করো (যে কোনো পাঁচটি) :

১×৫=৫

ভবসিদ্ধি, কানাকানি, নবরত্ন, দিব্যরাত্রি, অগ্রজ, আশৈশব।

৩। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও:

১০×২=২০

(ক) স্বরসন্ধি কাকে বলে? উদাহরণ সহযোগে স্বরসন্ধির যে কোনো চারটি সূত্র বিশ্লেষণ করো।

(খ) গঠনগত দিক থেকে বাক্য কয়প্রকার ও কী কী? উদাহরণ সহযোগে বিস্তৃতভাবে বুঝিয়ে দাও।

(গ) বিশেষণ কাকে বলে? বিশেষণ কয়প্রকার ও কী কী? উদাহরণসহ বিশেষণের শ্রেণিবিভাগ ব্যাখ্যা করো।

(ঘ) সমাস কাকে বলে? সমাস কত প্রকার ও কী কী? উদাহরণসহ সমাসের প্রকারভেদ সম্পর্কে আলোচনা করো।